

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd



নং- ৪৫.০০.০০০০.১৪৭.১৬.০০৬.২০-৪৮০


তারিখঃ ১৫.০৭.২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পবিত্র ইদ-উল-আজহা উপলক্ষ্যে পশুর হাট ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে স্থাপন না করার এবং ডিজিটাল পদ্ধতিতে পশুর হাট বসানোর ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটির ১৪তম সভার সুপারিশে অবহিত করা হয় যে, কোভিড-১৯ এর সংক্রমণ এখনও নিয়ন্ত্রণে আসেনি এবং এ অবস্থায় ঢাকাসহ বিভিন্ন এলাকায় অবাধ জীবন যাত্রা উদ্বেগজনক। ঈদ-উল আজহা (কোরবানি ঈদে) তে পশুর হাট স্থাপন করার ক্ষেত্রে জাতীয় কারিগরি পরামর্শ কমিটির সুপারিশ করে যে, ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে যেন পশুর হাট স্থাপন না করা হয়। এ ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতিতে পশু কেনাবেচারও পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া, এ সকল জেলা ব্যতিত অন্যান্য জেলায় নিম্নোক্ত স্বাস্থ্য বিধি প্রতিপালন করার পরামর্শ প্রদান করা হয়ঃ

- কোরবানির পশুর হাট শহরের অভ্যন্তরে স্থাপন না করা;
- কোরবানি পশুর হাট খোলা ময়দানে বসানোর ব্যবস্থা করা, যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং সংক্রমণ প্রতিরোধে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা সম্ভব;
- বয়স্ক ব্যক্তি (৫০ বয়সোর্ধ) এবং অসুস্থ ব্যক্তিদের পশুর হাটে যাওয়া থেকে বিরত রাখার ব্যবস্থা গ্রহণ করা;
- পশুর হাটে প্রবেশ ও বাহির এর পৃথক রাস্তা রাখার ব্যবস্থা করা;
- পশুর হাটে আগমনকারি সকল ব্যক্তির মাস্ক পরিধান করা বাধ্যতামূলক করা;
- কোরবানি পশু বাড়ীতে জবাই না করে শহরের বাহিরে সিটি কর্পোরেশনের দ্বারা নির্ধারিত স্থানে করার ব্যবস্থা করা;
- অনলাইনে অর্ডারের মাধ্যমে বাড়ীর বাহিরে কোরবানি দেয়া সম্ভব হলে, তা করার জন্য উৎসাহিত করা।

এমতাবস্থায়, পশুর হাট ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে স্থাপন না করার, ডিজিটাল পদ্ধতিতে পশুর হাট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সকল জেলা ব্যতিত অন্যান্য জেলায় উপরিউক্ত স্বাস্থ্য বিধি প্রতিপালনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শামীমা নাসরীন)

উপসচিব

ও

ফোকাল পয়েন্ট

কোভিড-১৯ বিষয়ক জাতীয় কারিগরি

পরামর্শক কমিটি

ফোনঃ ৯৫৭৭৯৮৪

email: per1@hsd.gov.bd

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)]

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য অনুরোধ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। প্রফেসর ডাঃ মোহাম্মদ শহীদুল্লা, সিনিয়র শিশু বিশেষজ্ঞ এবং প্রেসিডেন্ট বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (সভাপতি, কোভিড-১৯ বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটি)।
- ৩। প্রফেসর ডাঃ মীরজাদী সেরিনা ফ্লোরা, পরিচালক, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (সদস্য-সচিব কোভিড-১৯ বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটি)।
- ৪। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।